দৈনিক খবর

তারিখ 23 AUG 1991 পৃষ্ঠা 2 কলাম 1

(৫)

28

## কুমিল্লা বোর্ড

# স্থগিত এসএসসি পরীক্ষা শুরু ঃ প্রথম দিন ১ হাজার ১৫ জন বহিষ্কৃত

।। স্টাফ রিপোর্টার ।।

কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের স্থগিত এসএসসি পরীক্ষা পুনরায় শুরু করার প্রথম দিনেই ১ হাজার ১৫ জনকে অসদুপায় অবলম্বনের জন্য বহিষ্কার করা হয়। এছাড়া ৫ জন শিক্ষককেও বহিষ্কার করা হয়েছে এবং ২৩ জন কর্তব্যরত শিক্ষককে দেয় কর্তব্য থেকে বিরত রাখা হয়েছে।

# স্থগিত এসএসসি

প্রথম পৃষ্ঠার পর

কুমিল্লা থেকে খবরের নিজস্ব সংবাদদাতা আবুল কাশেম জানান, কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষার প্রথম দিনে ৫৩টি কেন্দ্রে মোট ১ হাজার ১৫ জনকে বহিষ্কার করা হয়েছে। এরমধ্যে কুমিল্লা জেলায় ১২টি কেন্দ্রে ৫৬৮ জন, ব্রাহ্মণবাড়িয়া জেলায় ১২ জন, সিলেটে ৩ জন, মৌলভীবাজারে ১৩ জন, বান্দরবনে ৭ জন, চৌমুহনী ৫৯ জন, লক্ষ্মীপুর ৪০ জন, কক্সবাজার ১৩৩ জন, হবিগঞ্জ ৮ জন, সুনামগঞ্জ ১০ জন, রায়পুর ৪ জন, রায়গঞ্জ ১০ জন ও ফেনী জেলায় ১১৬ জন। এ ছাড়া কেন্দ্রে অসদুপায়ে সহযোগিতা করার দায়ে কক্সবাজারে ৫ জন শিক্ষককে বহিষ্কার ও চান্দিনায় ২৩ জন শিক্ষককে কর্তব্য থেকে বিরত রাখা হয়।

কোথাও কোনরূপ অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

কুমিল্লা থেকে জেলা প্রতিনিধি রেজাউল করিম শামিম জানায়, কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষা পুনরায় শুরু হয়েছে। প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়ার কারণে গত ১১ই জুলাই বাংলা উভয় পত্র ছাড়া সকল বিষয়ের পরীক্ষা বাতিল ঘোষিত হয়। গত ৩০শে জুন এ পরীক্ষা শুরু হয়েছিল। আজ প্রথমদিন ইংরেজী উভয়পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

পরীক্ষায় ১ লাখ ৩০ হাজার ৪৩৪ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এদের মধ্যে মেয়ে পরীক্ষার্থী ৪২ হাজার ৭১৫ জন এবং ছেলে পরীক্ষার্থী ৮৭ হাজার ৪২৮ জন। বোর্ডের অধীনে মোট ১৩১টি পরীক্ষা কেন্দ্র স্থাপন করা হয়েছে। তারমধ্যে একটি কেন্দ্র সৌদী আরবের রিয়াদে রয়েছে।

উল্লেখ্য যে, দেশের অন্য তিনটি বোর্ডের সাথে কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষা গত ২রা মে অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের জন্যে প্রথমবারের মত কুমিল্লা বোর্ডের এ পরীক্ষা স্থগিত রাখা হয়। পরবর্তী পর্যায়ে প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়ায় পুনরায় পরীক্ষা বন্ধ রাখা হয়।

সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য বিশেষ ব্যবস্থা নেয়া হয়েছে বলে বোর্ডসূত্রে জানানো হয়েছে।

সিলেট শহরের ১০টি উপকেন্দ্রে শান্তিপূর্ণভাবে ইংরেজী ১ম ও ২য় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষা চলাকালে পরিদর্শক দল বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে আকস্মিক পরিদর্শনে যান।

পরীক্ষা চলাকালে কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

চলতি বছর সিলেট সদর ও কোম্পানীগঞ্জ উপজেলার সমন্বয়ে মোট ২টি কেন্দ্রের অধীনে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। সিলেট-১ সরকারী পাইলট হাইস্কুল কেন্দ্রের অধীনে প্রাইভেটসহ ২৯টি বিদ্যালয়ের মোট ২,৪৬১ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। সিলেট-২ দি এইডেড হাইস্কুল কেন্দ্রের অধীনে ১৭টি বিদ্যালয়ের ৯৮২ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে।

বাতিলকৃত পরীক্ষাসমূহের আজ প্রথম দিনে বিভিন্ন কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের দায়ে ৪৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।